দৈনিক ইনকিলাব

তারিখ 14 MAY 1997
পৃষ্ঠা ৭ কলাম ৪




*রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ শামসুজ্জোহা হল থেকে জোরপূর্বক বিতাড়িত নিরীহ ছাত্ররা গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে ৬ দফা দাবীতে অবস্থান ধর্মঘটকালে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের ব্যানারে একদল সশস্ত্র যুবক পুলিশের সামনেই তাদের ওপর অতর্কিতে আক্রমণ করে। এ সময় সশস্ত্র যুবকদের এলোপাতাড়ি হামলায় এবং উপর্যুপরি মারধরে জোহা হলের বেশ কয়েকজন ছাত্র গুরুতর আহত হয়* —ইনকিলাব

# জোহা হল থেকে বিতাড়িত ধর্মঘটী ছাত্রদের উপর সন্ত্রাসী হামলায় আহত ৫

স্টাফ রিপোর্টার ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জোহা হল থেকে অমানবিকভাবে বিতাড়িত ছাত্ররা ৬ দফা দাবী আদায়ের লক্ষ্যে গতকাল (মঙ্গলবার) ঢাকায় জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করে। সকাল ১০টা থেকে বেলা ২টা পর্যন্ত শান্তিপূর্ণ এই ধর্মঘট চলাকালে দুপুর ১টার দিকে তথাকথিত গণতান্ত্রিক ছাত্র ঐক্যের ব্যানারে একদল সশস্ত্র সন্ত্রাসী ধর্মঘটী ছাত্রদের ওপর অতর্কিত হামলা চালালে কমপক্ষে ৫ জন ছাত্র আহত হয়। পুলিশের উপস্থিতিতেই এই হামলা চললেও তারা ছিল মূলত নির্বিকার। সন্ত্রাসীরা চলে যাবার সময় একজন কনস্টেবল এক সন্ত্রাসীকে ধরে ফেললে ছাত্র লীগের নেতা পরিচয় দেয়ায় তাকে সঙ্গে সঙ্গে ছেড়ে দেয়া হয়।

ধর্মঘট চলাকালে জোহা হল থেকে বিতাড়িত ছাত্র পরিষদ নেতৃবৃন্দ এক সমাবেশে বলেন, অবৈধ ভিসি এম এ খালেকের দলীয় স্বার্থ.

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## জোহা হল

প্রথম পৃষ্ঠার পর

হীন মানসিকতা, একগুঁয়েমি এবং ন্যক্কারজনক দমন নীতির কারণে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবন আজ চরম অনিশ্চয়তার সম্মুখীন। বিশেষ করে জোহা হলের ছাত্রদের অবস্থা সবচে করুণ। আন্দোলন দমানোর নামে হল থেকে ছাত্রদের বের করে দেয়া শুধু নজিরবিহীনই নয়, বরং কর্তৃপক্ষের এই সিদ্ধান্ত প্রচণ্ড অমানবিকও। জোহা হলে সকল মতের ছাত্ররাই থাকে, অথচ হলের ছাত্রদের থাকার বিকল্প ব্যবস্থা না করেই তাদেরকে হল থেকে বের করে দিয়ে সেখানে রহস্যজনকভাবে বর্তমানে পুলিশ ব্যারাক করা হয়েছে।